# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৭৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে হাদীস প্রমাণ করে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামই বিলাল রাদ্বিয়াল্লাহু আনহুকে আযানের শব্দগুলো দুইবার দুইবার আর ইকামতের শব্দগুলো একবার একবার করে নির্দেশ দিয়েছিলেন; অন্য কেউ এই নির্দেশ দেননি

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هُوَ الْآمِرُ لِبِلَالٍ تَثْنِيَةَ الْأَذَانِ وَإِفْرَادَ الْإِقَامَةِ لَا غَيْرُهُ

---

আরবী

1676 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى قَالَ: حَدَّثَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ قَالَ: سَمِعْتُ خَالِدًا الْحَذَّاءَ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ أَنَسٍ أَنَّهُ حَدَّثَ: أَنَّهُمُ الْتَمَسُوا شَيْئًا يؤذّنون بِهِ عِلماً لِلصَّلَاةِ فأُمر بِلَالٌ أَنْ يَشْفَعَ الْأَذَانَ وَيُوتِرَ الْإِقَامَةَ.
الراوي : أَنَس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1676 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (525)

বাংলা

১৬৭৬. আনাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “সাহাবীগণ অনুসন্ধান করেন এমন এক জিনিস যাতে সালাতের সময় জানাবেন। অতঃপর বিলাল রাদ্বিয়াল্লাহু আনহুকে আযানের শব্দগুলো জোড় সংখ্যায় আর ইকামতের সংখ্যাগুলো বেজোড় সংখ্যায় দেওয়ার জন্য আদেশ করা হয়।”[1]

ফুটনোট

[1] আবূ আওয়ানা: ১/৩২৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৭৯৪; সুনান বাইহাকী: ১/৪১৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪০৫; সহীহ ইবনু খুযাইমাহ: ৩৭৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২০৫; মুসনাদ আহমাদ: ৩/১০৩; সহীহ মুসলিম: ৩৭৮; নাসাঈ: ২/৩; হাকিম: ১/১৯৮; সহীহ আল বুখারী: ৬০৫; আবূ দাউদ: ৫০৮; তাহাবী, শারহু

মা‘আনিল আসার: ১/১৩২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৫২৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90891

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন